তোমাদের কেউ যেন এক কাপড়ে সালাত আদায় না করে যে অবস্থায় তার গর্দানের ওপর কোন কিছুই থাকে না।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে মারফূ হিসেবে বর্ণিত: “তোমাদের কেউ যেন এক
কাপড়ে সালাত আদায় না করে যে অবস্থায় তার গর্দানের ওপর কোন কিছুই থাকে না”।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

একজন মুসল্লী সর্বাধিক সুন্দর অবস্থায় থাকা জরুরী। আল্লাহ তা‘আলা বলেন, (অর্থ) “হে আদম সন্তান তোমরা প্রত্যেক সালাতের সময় তোমাদের সৌন্দর্যকে অবলম্বন কর”। কারণ, বাদশার মুখোমুখি হওয়া এবং সম্মানি ও নেতৃস্থানীয় ব্যতিবর্গের সাথে সাক্ষাতের সময় মানুষ চায় খুব পরিপাটি এবং সুন্দর অবস্থায় থাকতে। তাহলে যিনি বাদশার বাদশ এবং সব মুনীবের মুনীব তার সামনে কিরূপে হাজির হওয়া দরকার? এ কারণেই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উভয় গাড় বা একটি ঢাকার মতো কাপড় পাওয়া যাওয়া সত্বেও তা খুলে রেখে এক কাপড়ে যাতে সালাত আদায় না করে তার প্রতি উৎসাহ দিয়েছেন। এমন অবস্থায় সালাত আদায় করতে নিষেধ করার কারণ সালাতে সে আল্লাহর সাথে কথোপকথন করার জন্যে তার সামনে দন্ডায়মান হয়।

http://sunnah.global/hadeeth/bn/show/7201